
দৈনিক বাংলা

১৩।৩।৮১

087

452



এসএসসি পরীক্ষার প্রথম দিনে বৃহস্পতিবার ঢাকার একটি কেন্দ্রে ছাত্রীদের পরীক্ষা দিতে দেখা যাচ্ছে —দৈনিক বাংলা

## এসএসসি পরীক্ষা: প্রথম দিনে ঢাকায় ৫ জন বহিষ্কৃত

(স্টাফ রিপোর্টার),

এসএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল বৃহস্পতিবার ঢাকার বিভিন্ন কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে পাঁচজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

বাংলাবাজার সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের একজন, মীরপুর বাংলা মিডিয়াম স্কুল থেকে দুজন এবং গাজীপুর কেন্দ্র থেকে দুজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

ঢাকা মহানগরীসহ ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্রে গতকাল শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয় বলে বোর্ড সূত্রে জানা গেছে।